

এইচএসসি পরীক্ষা নিয়ে আইনশৃঙ্খলা কমিটির সভা আজ

অনলাইন ডেস্ক

৮ আগস্ট ২০২৩ ০৮:৪৫ এএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৯:৩০ এএম

5
Shares



ফাইল ছবি

advertisement..

আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভা আজ মঙ্গলবার অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।

advertisement

এর আগে চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা দুই মাস পেছানোসহ চার দফা দাবিতে রাজধানীতে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের দাবিগুলো হলো- (১) ৫০ মার্কের পরীক্ষা নিতে হবে। (২) পরীক্ষা দুই মাস পিছিয়ে দিতে হবে।

(৩) ডেঙ্গু পরিস্থিতিতে পরীক্ষা নেওয়া যাবে না। (৪) পরীক্ষা থেকে আইসিটি সাবজেক্ট বাদ দিতে হবে।

আরও পড়ুন: উচ্চ মাধ্যমিক পরীক্ষা পেছানোর দাবিতে সড়কে শিক্ষার্থীরা

চলতি বছরের এইচএসসি পরীক্ষা আগামী ১৭ আগস্ট থেকে শুরু হয়ে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। পুনর্বিন্যাস করা পাঠ্যসূচি অনুযায়ী সব বিষয়ে পরীক্ষা হবে।

এবার বিজ্ঞান বিভাগে ব্যবহারিকসহ বিষয়গুলোর প্রতি পত্রে পরীক্ষার্থীদের দিতে হবে ৭৫ নম্বরের পরীক্ষা। আর মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ব্যবহারিক বাদে বিষয়গুলোতে প্রতি পত্রে শিক্ষার্থীদের ১০০ নম্বরের পরীক্ষায় অংশ নিতে হবে।

5

Shares